

## উপজেলা পরিক্রমাঃ

### লালমোহন

॥ আবদুস সাত্তার বজলু ॥  
ভোলা জেলার প্রাণকেন্দ্র লালমোহন উপজেলা। পূর্বে মেঘনা, পশ্চিমে তেতুলিয়া নদী এবং দক্ষিণে চরফ্যাসন থানাটি এককালীন লালমোহন থানার অন্তর্গত ছিল। সমস্যা জর্জরিত উপজেলাবাসী প্রশাসনিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে তাদের ভাগ্য উন্নয়নকে আশাবাদী হয়ে উঠেছিল, কিন্তু লালমোহন উপজেলার আজও উন্নয়ন দেখা যাচ্ছে না। বিদ্যুৎ, যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য, হাট-বাজার প্রভৃতি ক্ষেত্রে অবহেলিত এই উপজেলা। এ উপজেলার লোকসংখ্যা ২ লাখ আয়াতন ১৫০ বর্গ মাইল। ইউনিয়ন ৯টি।

**বিদ্যুৎ**  
বিদ্যুৎবিহীন লালমোহন উপজেলা। এখানে আজও বিদ্যুৎ সরবরাহ করা হয়নি। ফলে উপজেলার উন্নয়ন সম্ভব হচ্ছে না। অতিরিক্ত জ্বালানি খরচ করে ২টি সিনেমা হল, ৫টি সন্মিল, ৫টি চালের কল ও ২টি আইসক্রীম মেশিন চালানো হচ্ছে। বিদ্যুৎ সরবরাহ থাকলে জ্বালানি খরচ কমে যেত।

**যোগাযোগ**  
যোগাযোগ ক্ষেত্রে লালমোহন উপজেলা অনুন্নত। রাজধানী ও বরিশালের সাথে যোগাযোগ সমন্বয়কারী লঞ্চ ঘাটটিতে যাত্রী ছাউনী নেই। ঘন্টার পর ঘন্টা খোলা আকাশের নিচে যাত্রীদের থাকতে হয়।

বর্ষা মওসুমে যোগাযোগকারী রাস্তাগুলো পানিতে ডুবে থাকে। ফলে স্থূল কলেজের ছাত্র-ছাত্রী ও জনসাধারণকে বর্ষা মওসুমে বাড়িতে থাকতে হয়। উপজেলার রাস্তার উন্নয়ন জরুরী হয়ে পড়েছে।

**শিক্ষা**  
লালমোহন উপজেলায় শতকরা ৩০-২

জন শিক্ষিত। এই উপজেলায় ৭০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১টি কিন্ডার গার্টেন, ১০টি জুনিয়র বিদ্যালয়, ১২টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি বালিকা সিনিয়র মাদ্রাসা ও ১২টি ফোরকানিয়া মাদ্রাসা রয়েছে। উপজেলার সিনিয়র মাদ্রাসাগুলো আর্থিক অনটন, ক্লাস রুমের অভাব, গবেষণাগারের যন্ত্রপাতির অপ্রতুলতা, শিক্ষক প্রভৃতি সমস্যায় ভুগছে।

**স্বাস্থ্য**  
লালমোহন উপজেলায় ১টি হাসপাতাল ও ৩টি দাতব্য চিকিৎসালয় রয়েছে। উপজেলা সদরের হাসপাতালটির অবস্থা অত্যন্ত করুণ। এ হাসপাতালে বেড কম, এক্স-রে মেশিন নেই, পানির অভাব এবং ওষুধের অভাবে জটিল রোগীর চিকিৎসা করা যায় না।

**চিত্রবিনোদন**  
লালমোহন উপজেলায় চিত্রবিনোদনের জন্য ২টি সিনেমা হল, একটি অডিটোরিয়াম ও ১টি শিল্পীগোষ্ঠী এবং ১টি ফুটবল ক্লাব রয়েছে। এখানে একটি শিশু পার্কের বিশেষ প্রয়োজন।

**কৃষি**  
কৃষি প্রধান লালমোহন উপজেলা। এখানে ধান, মরিচ, সুপারী, ডাল, তেলবীজ প্রভৃতি উৎপন্ন হয়। এখানে ভূমিহীন কৃষকের সংখ্যা প্রায় ১০ হাজার। সরকারী খাস জমি আছে মাত্র ৫ হাজার একর।

**হাটবাজার**  
ভোলা জেলার দক্ষিণ অঞ্চলের প্রসিদ্ধ বাণিজ্য কেন্দ্র লালমোহন বাজার। বাজারটির সাথে রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলের লঞ্চ যোগাযোগ রয়েছে। এই উপজেলার অন্যান্য বাজারগুলো বিভিন্ন সমস্যা জর্জরিত।